

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শৃংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১১০.২০১৩- ৬৪২

তারিখঃ ২৭.০৪.২০১৪ খ্রিস্টাব্দ


আদেশ

যেহেতু, ডাঃ মোঃ দেলোয়ার হোসেন (১২৪২৮০), সহকারী রেজিস্ট্রার (মেডিসিন), কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা (প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আশুগঞ্জ, ব্রাহ্মনবাড়ীয়া) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২৪.০৪.২০১৪ তারিখে তঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান যে, মেডিকেল অফিসার হিসাবে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আশুগঞ্জ, ব্রাহ্মনবাড়ীয়ায় কর্মরত থাকা অবস্থায় তার মায়ের শারীরিক অসুস্থতার কারণে ১৬.০২.২০১৩ইং তারিখ হতে ১৭.০২.২০১৩ইং পর্যন্ত এবং ১৯.০২.২০১৩ইং হতে ২০.০২.২০১৩ইং পর্যন্ত নৈমিত্তিক ছুটির আবেদন করেন। কিন্তু কর্তৃপক্ষের নির্দেশে তিনি ১৬.০২.২০১৩ইং তারিখ হতে ১৭.০২.২০১৩ইং কর্মস্থলে উপস্থিত থাকেন। পরবর্তীতে রোগের জটিলতার জন্য তার আরও ছুটি প্রয়োজন হতে পারে এ বিবেচনা তিনি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অবহিত করে ২৩.০২.২০১৩ইং হতে ২৫.০২.২০১৩ইং পর্যন্ত নৈমিত্তিক ছুটির দরখাস্ত করেছিলেন।

এক্ষেণে, সেহেতু, ডাঃ মোঃ দেলোয়ার হোসেন (১২৪২৮০), সহকারী রেজিস্ট্রার (মেডিসিন), কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনায় তঁকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমাতে 'তিরস্কার' শাস্তি আরোপ করা হল।

  
(এ. এম. বদনুর্জো)  
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস


তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১১০.২০১৩-৬৪২/১২২

তারিখঃ ২৭.০৪.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। পরিচালক, কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৫। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৭। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কুমিল্লা
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৯। ডাঃ মোঃ দেলোয়ার হোসেন (১২৪২৮০), সহকারী রেজিস্ট্রার (মেডিসিন), কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা

  
(ফারজানা সুলতানা)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৬৬৫৫

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০০২২.২০১৩-৩৫৪

তারিখঃ ০১.১৪২১ বঙ্গাব্দ  
১৯.০৪.২০১৪ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু ডাঃ খায়রুল ওয়ারা (১২৬৫১৬), সহকারী সার্জন, মৌতলা ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, কালীগঞ্জ, সাতক্ষীরা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;


যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

সেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ খায়রুল ওয়ারা (১২৬৫১৬), সহকারী সার্জন, মৌতলা ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, কালীগঞ্জ, সাতক্ষীরাকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০৯.০৮.২০১২ইং থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
২৭.৪.১৪.  
(এম. এম. নিয়াজউদ্দিন)  
সচিব


উপ-পরিচালক  
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০০২২.২০১৩-৩৫৪ (স)

তারিখঃ ১৯.০৪.২০১৪

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, MIS, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হল)
- ৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৪। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। সিভিল সার্জন, সাতক্ষীরা
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালীগঞ্জ, সাতক্ষীরা
- ১০। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কালীগঞ্জ, সাতক্ষীরা
- ১১। ডাঃ খায়রুল ওয়ারা (১২৬৫১৬), সহকারী সার্জন, মৌতলা ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, কালীগঞ্জ, সাতক্ষীরা ((স্থায়ী ঠিকানাঃ- পিতা-কাজী আজহারুল ইসলাম, গ্রাম-কাহেতরা, পোঃ-বালিখাড়া, থানা-বুড়িচং, জেলা-কুমিল্লা)

  
২৭/০৪/১৪  
(ফারজানা সুলতানা)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd